

■ হাদিস সন্তার

হাদিস নাম্বারঃ ৩৮০২

৩০/ পাপ ও তাওরা

পরিচ্ছেদঃ পাপ-পুণ্য

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ لِلشَّيْطَانِ لَمَّا بَيْنِ آدَمَ وَلِلْمَلَكِ لَمَّا
فَأَمَّا لَمَّا الشَّيْطَانِ فَإِيَّاعًا بِالشَّرِّ وَتَكْذِيبًا بِالْحَقِّ وَأَمَّا لَمَّا الْمَلَكُ فَإِيَّاعًا بِالْخَيْرِ وَتَصْدِيقًا
بِالْحَقِّ فَمَنْ وَجَدَ ذَلِكَ فَلْيَعْلَمْ أَنَّهُ مِنَ اللَّهِ فَلَيَحْمِدَ اللَّهَ وَمَنْ وَجَدَ الْأُخْرَى فَلْيَتَعَوَّذْ بِاللَّهِ
مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ثُمَّ قَرَأَ الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُمُ بِالْفَحْشَاءِ إِلَيْهِ

বাংলা

(৩৮০২) আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আদম-সন্তানের মাঝে শয়তানের স্পর্শ আছে এবং ফিরিশতারও স্পর্শ আছে। শয়তানের স্পর্শ হল, মন্দের প্রতিশ্রুতি দেওয়া ও সত্যকে মিথ্যাজ্ঞান করা। আর ফিরিশতার স্পর্শ হল, ভালোর প্রতিশ্রুতি দেওয়া ও সত্যকে সত্যজ্ঞান করা। সুতরাং যে ব্যক্তি ফিরিশতার স্পর্শ অনুভব করবে, সে যেন বোঝে যে, তা আল্লাহর পক্ষ থেকে এবং সে যেন তাঁর প্রশংসা করে। আর যে ব্যক্তি অন্যটির স্পর্শ অনুভব করবে, সে যেন আল্লাহর কাছে বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করে। অতঃপর মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আয়াত পাঠ করলেন, শয়তান তোমাদেরকে দারিদ্রের ভয় দেখায় এবং জঘন্য কাজে উৎসাহ দেয়, পক্ষান্তরে আল্লাহ তোমাদেরকে তাঁর ক্ষমা ও অনুগ্রহের প্রতিশ্রুতি প্রদান করেন। আল্লাহ বিপুল দাতা, সর্বজ্ঞ। (বাকারাহঃ ২৬৮)

ফুটনোট

(তিরমিয়ী ২৯৮৮, নাসাইর কুবরা ১১০৫১, ইবনে হিবান ৯৯৭ প্রমুখ, সহীহ মাওয়ারিদুয় যামআন ৩৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনির্ণিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67550>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন